পুলিশের স্বতন্ত্র সাইবার ইউনিটের কার্যক্রম উদ্বোধন করলেন স্বরাষ্ট্রমন্ত্রী



ছবি: সংগৃহীত

সাইবার অপরাধ প্রতিরোধ ও এ ধরনের মামলার তদন্তে বিশেষজ্ঞদের নিয়ে কাজ করতে পুলিশের স্বতন্ত্র সাইবার ইউনিটের কার্যক্রম শুরু হয়েছে। বৃহস্পতিবার (১ অক্টোবর) বিকেলে পুলিশ সদর দফতরে ইউনিটটির কার্যক্রম উদ্বোধন করেন স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ।

স্বরাষ্ট্রমন্ত্রী জানান, নতুন এই ইউনিটে মোট ৪ হাজার ৫৯২ জন জনবল থাকবে। সিস্টেম অ্যানালিস্টসহ বিভিন্ন পর্যায়ের বিশেষজ্ঞদের চুক্তিভিত্তিক নিয়োগ দেওয়া হবে। একই সঙ্গে পুলিশের সাইবার বিষয়ে অভিজ্ঞ সদস্যদেরও ইউনিটে যুক্ত করা হবে।

ইউনিটের একটি দলকে বিদেশে প্রশিক্ষণের ব্যবস্থা করা হবে বলেও জানান তিনি। সালাহউদ্দিন আহমদ বলেন, সাইবার অপরাধের পাশাপাশি অপরাধ তদন্তে ফরেনসিক ল্যাবের প্রয়োজনীয়তাও বাড়ছে। কেমিক্যাল ল্যাবের পাশাপাশি ফরেনসিক ল্যাবের সক্ষমতা বৃদ্ধির দিকেও গুরুত্ব দেওয়া হচ্ছে।

তিনি জানান, স্বতন্ত্র সাইবার ইউনিটের নেতৃত্বে থাকবেন একজন অতিরিক্ত আইজিপি। তাঁর অধীনে বিভাগ ও পুলিশ সদর দফতর পর্যায়ে একাধিক ডিআইজি ও অতিরিক্ত ডিআইজি দায়িত্ব পালন করবেন। জেলা পর্যায়ে ইউনিটটির দায়িত্বে থাকবেন পুলিশ সুপার (এসপি)। প্রয়োজনে এ জন্য আলাদা কর্মকর্তা নিয়োগ দেওয়া হতে পারে, অথবা সংশ্লিষ্ট জেলার এসপিকে অতিরিক্ত দায়িত্ব দেওয়া হবে।

জেলা পর্যায়ে এসপির অধীনে সাইবার ইউনিটের জন্য পৃথক কর্মকর্তা থাকবেন। পাশাপাশি থানা পর্যায়েও ইউনিটটির জন্য পৃথক সাব-ইন্সপেক্টর, সহকারী উপপরিদর্শক (এএসআই) ও কনস্টেবল নিয়োগ করা হবে।

এদিকে সংবাদমাধ্যম ও সাংবাদিকদের অযথা আইনের আওতায় না আনার বিষয়ে পাওয়া মতামত সরকার পর্যালোচনা করছে বলেও জানান স্বরাষ্ট্রমন্ত্রী। তিনি বলেন, বিষয়টি নিয়ে সময় নিয়ে আইন সংশোধনের উদ্যোগ নেওয়া হবে।